**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# নিউ ইয়র্ক স্টেটজুড়ে ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেশন প্রোগ্রাম সম্প্রসারণের জন্য গভর্নর হোকলের 11.1 মিলিয়ন ডলারের ফেডারেল ওয়ার্কফোর্স তহবিল বরাদ্দ দেওয়ার ঘোষণা

*কর্মসংস্থানের সাথে প্রতিবন্ধী ব্যক্তিদের সংযোগ তৈরি করে দেয়া এই কর্মসূচি 2025 সাল নাগাদ 45,000 এরও বেশি ব্যক্তিকে সেবা প্রদান করবে এবং স্টেটের প্রতিটি অঞ্চলে আরো বেশি সামঞ্জস্যপূর্ণ মাত্রায় সেবা প্রদান নিশ্চিত করবে*

*এই সম্প্রসারণকৃত ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেশন প্রোগ্রাম নতুন তৈরি হওয়া নিউ ইয়র্কে সিস্টেমের পরিবর্তন ও অন্তর্ভুক্তিমূলক সুযোগের নেটওয়ার্ক (New York Systems Change and Inclusive Opportunities Network) এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে*

গভর্নর ক্যাথি হোকল আজ ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেটরদের সফল নেটওয়ার্ককে আগামী তিন বছরের মধ্যে 33টি স্থানীয় কর্মীদল উন্নয়নের এলাকার সবগুলোতে সম্প্রসারণ করা এবং নিউ ইয়র্ক স্টেটের ক্যারিয়ার সেন্টারগুলোতে প্রতিবন্ধী ব্যক্তিদের আরো ভালো সেবা দেয়ার উদ্দেশ্যে 11.1 মিলিয়ন ডলারের কর্মীদলের উন্নয়ন বিষয়ক ফেডারেল তহবিল বরাদ্দ দেয়ার প্রতিশ্রুতি ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্কের প্রত্যেক কর্মী যাতে সহায়তা পান তা নিশ্চিত করাটা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি গুরুত্বপূর্ণ," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের মহামারী-পরবর্তী পুনরুদ্ধারের একটি গুরুত্বপূর্ণ উপাদান হলো প্রত্যেক পটভূমির কর্মীদের কর্মসংস্থানের সুযোগ নিশ্চিত করা। আমি চাই জীবনের প্রতিটি স্তরের মানুষের জন্য সুযোগ ও আশার একটি স্টেট হোক নিউ ইয়র্ক, আর এর মানে হলো আমাদেরকে অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অব্যাহতভাবে সহায়তা বাড়াতে হবে।"

নিউ ইয়র্কে সিস্টেমের পরিবর্তন ও অন্তর্ভুক্তিমূলক সুযোগের নেটওয়ার্ক (NY SCION) তৈরির আজকের ঘোষণা অক্টোবর মাস চলাকালীন সময়ে দেয়া হলো, যে মাসকে গভর্নর প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস হিসেবে ঘোষণা করেছেন।

এই সম্প্রসারণ ফেডারেল ডিজেবিলিটি এমপ্লয়মেন্ট ইনিশিয়েটিভ (Disability Employment Initiative) দ্বারা সমর্থিত অতীতের কর্মসূচিগুলোর সাথে যোগ হচ্ছে, যা 2010 সাল থেকে 31,000

জনেরও বেশি ব্যক্তিকে সেবা প্রদান করেছে। প্রতিবন্ধী প্রাপ্তবয়স্ক ব্যক্তি ও শিশুদের কাছে আমাদের সেবা পৌঁছে দেয়ার মান বৃদ্ধি করতে এসব তহবিল তৈরি করা হয়েছে।

পূর্বের এসব তহবিলের সময়সীমা শেষ হয়ে আসায়, নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (Department of Labor) একটি নতুন তিন-বছরমেয়াদী পাইলট কর্মসূচির মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটব্যাপী প্রতিবন্ধী ব্যক্তিদের সেবা দেয়ার জন্য এর অঙ্গীকার পূরণ করা অব্যাহত রাখবে। এই সময়ের মধ্যে স্টেট আরো 45,000 ব্যক্তিকে সেবা দিতে পারবে বলে প্রত্যাশা করছে।

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "কোভিড শ্রম বিভাগে আমাদের কাজের প্রক্রিয়ায় মৌলিক পরিবর্তন আনার দরজা খুলে দিয়েছে। আমাদেরকে অবশ্যই এটি আরো কার্যকর ও ফলপ্রসূভাবে করতে হবে এবং সব চাকরি প্রার্থীর চাহিদা আরো ভালোভাবে পূরণ করতে হবে। পার্থক্যের কারণে আপনার কর্মহীন থাকা উচিত নয়। আমাদেরকে কর্মীদলের মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের অবদান সম্পর্কে সচেতনতা বাড়াতে হবে এবং তাদের কর্মসংস্থানের বিষয়টিকে ব্যতিক্রমের পরিবর্তে স্বাভাবিক বিষয়ে পরিণত করতে হবে।"

**প্রতিনিধি জো মোরেল বলেন,** "সকল সক্ষমতাসম্পন্ন নিউ ইয়র্কবাসীরা সুস্থ জীবনযাপন করা ও সন্তোষজনক ক্যারিয়ার গড়ার জন্য তাদের প্রয়োজনীয় মানসম্মত সহায়তা ও সংস্থানসমূহ পাওয়ার অধিকারী, প্রতিবন্ধী ব্যক্তিরা নির্ভর করে থাকেন এমন গুরুত্বপূর্ণ কর্মসূচিগুলো সুরক্ষা ও সম্প্রসারণের জন্য ফেডারেল তহবিল সুরক্ষিত করার ক্ষেত্রে সাহায্য করতে পেরে আমি গর্বিত। আমাদের কর্মীদলকে শক্তিশালী করা, একটি অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি লালন করা, এবং সব মানুষের জন্য সফল হওয়ার সুযোগ নিশ্চিত করার অঙ্গীকারের জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

**প্রতিনিধি অ্যাড্রিয়ানো এসপেইলাট বলেন,** "স্টেটব্যাপী অক্ষমতা সংক্রান্ত গবেষণা ও সংস্থানসমূহ আরো বেশি সম্প্রসারণের জন্য কংগ্রেসে এটি গ্রহণ করতে আমি সাহায্য করেছি, এই ফেডারেল তহবিল বরাদ্দ করার বিষয়ে গভর্নর হোকলের আজকের ঘোষণার জন্য আমি তাকে সাধুবাদ জানাই। আমি আত্মবিশ্বাসী যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সুবিধা বাড়ানোর বিষয়টি আমার ডিস্ট্রিক্টকে এবং সিটিজুড়ে কমিউনিটিগুলোকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে। যেহেতু অক্টোবর মাস হলো প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থান সম্পর্কে সচেতনতার মাস, আজকের অঙ্গীকার আমাদের কমিউনিটির অক্ষম ব্যক্তি, যাদের আগের যেকোনো সময়ের তুলনায় এখন আমাদের সাহায্য সবচেয়ে বেশি প্রয়োজন, তাদের জন্য অক্ষমতা সম্পর্কিত সংস্থান ও সুবিধাসমূহ নিশ্চিত করতে আমাদের সহায়তা ও প্রচেষ্টার বিষয়টিকে আরো একবার নিশ্চিত করেছে।"

ইতোপূর্বে, 33টি স্থানীয় কর্মীদল উন্নয়নের এলাকার প্রায় অর্ধেক সংখ্যক এলাকায় ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেটরের সরাসরি অ্যাক্সেস ছিল। NY SCION প্রতিটি স্থানীয় কর্মীদল উন্নয়নের এলাকায় এবং নিউ ইয়র্ক সিটির বিভিন্ন অবস্থানে ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেটর প্লেসমেন্টের জন্য অর্থায়ন করবে। তাদের দায়িত্ব হবে প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের কর্মসংস্থানজনিত ফলাফল উন্নত করা ও সহায়তা করা এবং একাধিক পরিষেবা ব্যবস্থাজুড়ে

থাকা সংস্থানগুলো কাজে লাগিয়ে অংশীদারিত্ব প্রতিষ্ঠা ও সম্প্রসারণ করা। তারা কর্মীদল ব্যবস্থাজুড়ে এবং প্রতিটি ক্যারিয়ার সেন্টারে সঙ্গতিপূর্ণ মাত্রায় সেবা নিশ্চিত করতে স্টেট ও অংশীদার কর্মী উভয়কে সেরা প্রচলনসমূহের বিষয়ে প্রশিক্ষণ প্রদান করবে।

ডিজেবিলিটি রিসোর্স কোঅর্ডিনেটরের ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে:

- প্রচারণা ও নিয়োগ বিষয়ক ক্রিয়াকলাপের মাধ্যমে ক্যারিয়ার সেন্টার সিস্টেমে প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের - যেমন সোশ্যাল সিকিউরিটির সুবিধাভোগী এবং বুদ্ধিবৃত্তিক এবং/অথবা বিকাশ সংক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের - তালিকাভুক্তি বৃদ্ধি করা
- সোশ্যাল সিকিউরিটির সুবিধাভোগীদেরকে কর্মসংস্থানের পথে উত্তরণের ক্ষেত্রে সুবিধা সংক্রান্ত পরামর্শ ও কর্মস্থলের প্রণোদনা বিষয়ক কাউন্সেলিং প্রদান করা
- ওয়ার্ক প্রোগ্রামের টিকেট সম্পর্কে প্রচারণা চালানো
- তাদের এলাকার দিকে যাওয়া একীভূত রিসোর্স টিম আনুষ্ঠানিকভাবে গঠন করা
- এই IRT রিসোর্স ওয়েবসাইট নিউ ইয়র্ক স্টেটের আগের একটি ডিজেবিলিটি এমপ্লয়মেন্ট ইনিশিয়েটিভ প্রকল্পের অধীনে তৈরি করা হয়েছিল।
- ব্যবসা প্রতিষ্ঠানগুলোর কাছে প্রচারণা চালানো
- প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের জন্য চাকরির অভিজ্ঞতা অর্জনের ব্যবস্থা করা (যেমন ইন্টার্নশিপ, চাকরিরত অবস্থায় প্রশিক্ষণ, গ্রীষ্মের সময়ে চাকরি করার অভিজ্ঞতা, ইত্যাদি)
- পেশাগত দক্ষতা প্রশিক্ষণে প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের প্লেসমেন্ট করা ও তাদেরকে ধরে রাখা
- প্রতিযোগিতামূলক একীভূত কর্মসংস্থানে প্রতিবন্ধী শিশু ও প্রাপ্তবয়স্কদের প্লেসমেন্ট করা ও তাদেরকে ধরে রাখা

সেইসাথে, পূর্বের ডিজেবিলিটি এমপ্লয়মেন্ট ইনিশিয়েটিভ প্রকল্পসমূহের অধীনে সম্পন্ন করা হয়েছে এমন ক্রিয়াকলাপগুলোর মাত্রা বৃদ্ধি করা হবে এবং NY SCION-এর অধীনে সম্প্রসারণ করা হবে। এসব ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে:

- ক্যারিয়ার এক্সপো যার মধ্যে "নিয়োগকর্তার সাথে সাক্ষাত" এর সেশন অন্তর্ভুক্ত রয়েছে যেখানে তরুণ ও প্রাপ্তবয়স্করা উচ্চতর উৎপাদন খাত, স্বাস্থ্যসেবা, তথ্য প্রযুক্তি ও অন্যান্য চাহিদাসম্পন্ন শিল্পখাতের ক্যারিয়ার পথ সম্পর্কিত তথ্য অনুসন্ধান করতে পারে
- নিয়োগ প্রদানের ইভেন্ট যেখানে তরুণ ও প্রাপ্তবয়স্ক অংশগ্রহণকারীরা ব্যবসায়িক প্রতিনিধিদের সাথে সাক্ষাতকারে অংশ নেন, যেমন "রিভার্স ক্যারিয়ার মেলা" মডেল
- শিল্পোদ্যোগ, ক্যারিয়ারের প্রস্তুতি ও আর্থিক স্বাক্ষরতা বিষয়ক প্রশিক্ষণ ও কর্মশালা

NY SCION-কে সহায়তাকারী প্রধান অংশীদারদের মধ্যে রয়েছে NYS-এর শিক্ষা বিভাগ (Education Department), NYS-এর প্রাপ্তবয়স্কদের ক্যারিয়ার ও শিক্ষা অব্যাহত রাখার পরিষেবা-বৃত্তিমূলক পুনর্বাসন (Adult Career and Continuing Education Services-

Vocational Rehabilitation, ACCES-VR), NYS-এর শিশু ও পরিবার বিষয়ক পরিষেবা দপ্তর (Office of Children and Family Services), NYS-এর সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) এবং স্টেটব্যাপী কমিউনিটি ও অলাভজনক সংস্থাসমূহ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন